**জাতীয় সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাজেট ও অডিট অধিশাখা
www.rthd.gov.bd

নং- ৩৫.০০.০০০০.০১৯.০৯.০০৬.২২-২০

তারিখঃ ১৭ মাঘ ১৪২৯
৩১ জানুয়ারি ২০২৩

বিষয়ঃ **একাদশ জাতীয় সংসদের ২১তম অধিবেশনের ১২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সংসদের বৈঠকে আনীত মৌখিক ও লিখিত প্রশ্নের জবাব প্রেরণ।**

একাদশ জাতীয় সংসদের ২১তম অধিবেশনের ১২-০২-২০২৩ তারিখ রবিবার মাননীয় মন্ত্রীর প্রশ্নোত্তরের জন্য নির্ধারিত বৈঠকে মাননীয় সংসদ সদস্যগণ কর্তৃক আনীত নিম্নবর্ণিত প্রশ্নসমূহের কপি এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রশ্নসমূহের উত্তর এবং সম্পূরক প্রশ্ন ও উত্তর আলাদা পৃষ্ঠায় (নির্ধারিত ছক মোতাবেক) উল্লেখপূর্বক (Nikosh ফন্টে ই-মেইলঃ sasadmin4@rthd.gov.bd প্রেরণসহ) আগামী ০২-০২-২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উত্তর যথাসম্ভব সংক্ষিপ্ত ও প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়।

| অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা | প্রশ্ন নং |
|---|---|
| সড়ক ও জনপথ অধিদপ্তর | তারকা চিহ্নিত প্রশ্ন নং- ১০২৬, ১০৩০, ১০৩৫, ১০৩৮, ১০৪১। |
| | লিখিত প্রশ্ন নং- ৭৯৯। |

৩১/০১/২০২৩

সংযুক্তিঃ বর্ণনামতে

অতীব জরুরী

(মোঃ আব্দুল মোক্তাদের)
যুগ্মসচিব
ও
কাউন্সিল অফিসার
☎ ৯৫১৩৬৮৮
sasadmin4@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

**(দৃঃ আঃ কাউন্সিল অফিসার)।**

উল্লেখিত প্রতিবেদন আগামী ০২/২/২৩ তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

অনুলিপি: জ্ঞাতার্থে

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০২। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। অফিস কপি।

৩১/০১/২৩
মোহাম্মদ মেহেদী ইকবাল
পরিচিতি নং-৬০১৯৫৬
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), সওজ
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

ডায়েরি:- ৯২৬
তা ০১/২/২৩

D:\11 Th Songsod\Letter (SHAFIQ).doc-283

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
প্রশ্ন শাখা

২০২৩ সালের ১২ ফেব্রুয়ারি, রবিবার অনুষ্ঠেয় সংসদের বৈঠকে মৌখিক উত্তরদানের জন্য প্রশ্ন-তালিকা।

***১০২৬। জনাব এ. কে. এম. রহমতুল্লাহ (ঢাকা-১১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বর্তমানে কতটি প্রকল্প বাস্তবায়নাধীন আছে;

(খ) উক্ত সংখ্যায় বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের সংখ্যা কত; এবং (গ) প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দসহ দাতাদেশ ও সংস্থাগুলির নাম কী; প্রকল্প বাস্তবায়নে বিলম্বতার কারণ কী? ত.প্র, পরিকল্পনা ও কার্যক্রম

***১০২৭। জনাব মো: মোজাফফর হোসেন (জামালপুর-৫):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) দেশে বর্তমানে বস্ত্রের চাহিদা কত; ঘাটতি কত; এবং

(খ) উক্ত ঘাটতি পূরণে সরকারের গৃহীত পদক্ষেপ কী; বাস্তবায়ন অগ্রগতি কী; প্রাপ্ত সুফল কী?

***১০২৮। খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, টাঙ্গাইল জেলার দুস্থ, শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; না থাকিলে, কবে নাগাদ করা হইবে?

***১০২৯। জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ (রংপুর-১):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) পশ্চিমাঞ্চলে রেলওয়ের উন্নয়নে চলতি অর্থ বছরে কী কী প্রকল্প গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দ কত; বাস্তবায়ন কাজ কবে নাগাদ শুরু হইবে?

***১০৩০। জনাব আলী আজম (ভোলা-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভোলা জেলায় সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী? নি.প্র/ভোলা

***১০৩১। মীর মোস্তাক আহমেদ রবি (সাতক্ষীরা-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সাতক্ষীরা উপজেলায় গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা?

***১০৩২। জনাব মোঃ হাবিবর রহমান (বগুড়া-৫):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) দেশে বেকারত্বের বিষয় বিবেচনাপূর্বক হস্তচালিত তাঁত শিল্পের বিকাশে বিশেষ কোনো উদ্যোগ গ্রহণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে; না সূচক হইলে, তাহার কারণ কী?

***১০৩৩। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিল্ক/মসলিন শাড়ি তৈরির লক্ষ্যে দেশে রেশমের উৎপাদন, উন্নয়ন ও সম্প্রসারণে সরকারের পক্ষ হইতে কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***১০৩৪। জনাব বেনজীর আহমদ (ঢাকা-২০):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-আরিচা-পাটুরিয়া রেলপথ স্থাপন করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে; না থাকিলে, উদ্যোগ গ্রহণ করা হইবে কিনা?

***১০৩৫। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রাম ও ঢাকা সিলেটের বিকল্প সংযোগের লক্ষ্যে মেঘনা নদীর উপর তৃতীয় সেতু নির্মাণের কোনো পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে? প্র.প. SRTPPF

***১০৩৬। জনাব আহসানুল ইসলাম (টিটু) (টাঙ্গাইল-৬):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৩৫ টাঙ্গাইল-০৬ নাগরপুর-দেলদুয়ার উপজেলা নিয়া গঠিত। বর্তমান সরকার ৩য় মেয়াদে ক্ষমতা গ্রহণের পর গত তিন অর্থ বছরে আপনার মন্ত্রণালয় হইতে আমার নির্বাচনী এলাকার মহিলা ও শিশুদের উন্নয়নের জন্য কী কী প্রকল্প গ্রহণ করা হইয়াছে; উপজেলাওয়ারী তাহার তালিকা কী; এবং বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

***১০৩৭। জনাব হাবিবুর রহমান (সিলেট-৩):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) বাংলাদেশের আধ্যাত্মিক রাজধানী খ্যাত উত্তরপূর্বের পূণ্যভূমি সিলেট হইতে আখাউড়া পর্যন্ত ডুয়েলগেজ (ডাবল লাইন) প্রকল্প বাস্তবায়নসহ যাত্রী সেবার মান বৃদ্ধির লক্ষ্যে সিলেট রেলওয়ে স্টেশন আধুনিকায়ন, সিলেট-ঢাকা রুটে কেবিন এবং বগির সংখ্যা বৃদ্ধি, সিলেট-চট্টগ্রাম রুটে একটি নতুন আন্তঃনগর ট্রেন সংযোগ প্রদান করা হইবে কিনা; (খ) বিভাগীয় শহর সিলেটে রেলওয়ের বিভাগীয় দপ্তর স্থাপনের ব্যাপারে কোনো কার্যকর পদক্ষেপ নেওয়া হইয়াছে কিনা?

***১০৩৮। মোছাঃ খালেদা খানম (মহিলা আসন-২৭):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরে আওতায় ঝিনাইদহ জেলায় কোনো প্রকল্প গ্রহণ ও চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং চলমান প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হইবে? নি.প্র/ঝিনাইদহ

***১০৩৯। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলায় অসহায় ও দরিদ্র মানুষের জন্য আত্মকর্মসংস্থানমূলক কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***১০৪০। উম্মে কুলসুম স্মৃতি (গাইবান্ধা-৩):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী আসনের বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ও ব্রিটিশ আমল হইতে ঐতিহ্যবাহী নলভাঙ্গা রেলওয়ে স্টেশনটিতে দীর্ঘ ১ যুগের বেশি সময় ধরিয়া জনবল নিয়োগ ও যন্ত্রপাতি স্থাপিত না হওয়ায় সরকার রাজস্ব হইতে বঞ্চিত হইতেছে; অন্যদিকে সাধারণ জনগণও সেবা হইতে বঞ্চিত হইতেছে; এই ব্যাপারে আপনার মন্ত্রণালয় কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

***১০৪১। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়াধীন রাস্তার পরিমাণ কত; উক্ত রাস্তা সংস্কার ও সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং কবে নাগাদ তাহা বাস্তবায়ন করা হইবে? নি.প্র/চট্টগ্রাম

***১০৪২। বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১০ সাল হইতে এই পর্যন্ত বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় কোনো সেলাই মেশিন প্রদান করা হইয়াছে কিনা; হইলে, তাহার হিসাব কী?

***১০৪৩। জনাব সামছুল আলম দুদু (জয়পুরহাট-১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জয়পুরহাট জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের অবকাঠামো/ভবন কবে নাগাদ নির্মাণ করা হইবে; না করিলে, তাহার কারণ কী?

***১০৪৪। জনাব মোহাম্মদ হাবিব হাসান (ঢাকা-১৮):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) কারিগরি, বৃত্তিমূলক, নারী অধিকার, শিক্ষা ও সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণের জন্য থানা পর্যায়ে পৃথক "নারী উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান" গড়িয়া তুলিবার কোনো পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে; না সূচক হইলে, তাহার কারণ কী?

**ঢাকা,**

**১৭ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ।**

**৩১ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ।**

**কে, এম, আব্দুস সালাম**

সংসদ সচিব

বাংলাদেশ জাতীয় সংসদ।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
প্রশ্ন শাখা

২০২৩ সালের ১২ ফেব্রুয়ারি, রবিবার অনুষ্ঠেয় সংসদের বৈঠকে লিখিত উত্তরদানের জন্য প্রশ্ন-তালিকা।

**৭৯৪। মোঃ শহিদুল ইসলাম (বকুল) (নাটোর-১):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নাটোর জেলার লালপুর উপজেলাধীন গোপালপুর রেলগেটটি অত্যন্ত গুরুত্বপূর্ণ; এই গেট হইয়া অত্র এলাকার সব ধরণের যানবাহন চলাচল করায় প্রতিনিয়ত যানজটের সৃষ্টি হয়; তাই উক্ত স্থানে জরুরিভিত্তিতে ফ্লাইওভার নির্মাণ করা হইবে কিনা; হইলে, তাহা কী?

**৭৯৫। জনাব মোহাম্মদ হাবিব হাসান (ঢাকা-১৮):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) বাংলাদেশ রেলওয়ের বর্তমানে অব্যবহৃত জমির পরিমাণ কত; কোথায় কী পরিমাণ জমি অব্যবহৃত;

(খ) উক্ত জমিগুলি দীর্ঘমেয়াদী লীজ দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং না থাকিলে, তাহার কারণ কী?

**৭৯৬। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে কী পরিমাণ জমিতে পাট চাষ করা হয়; এবং কৃষক যাহাতে পাটের ন্যায্য মূল্য পায় সেই বিষয়ে কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**৭৯৭। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে রেলপথের পরিমাণ কত; এর মধ্যে ব্রডগেজ/মিটারগেজ পৃথকভাবে হিসাব কী; বিগত ৫ বছরে কোনো নতুন রেলপথ স্থাপন করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**৭৯৮। হাজী মোঃ সেলিম (ঢাকা-৭):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) বর্তমানে সরকারি ভর্তুকীতে কোনো পাটকল চলমান আছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কোন্ কোন্ পাটকলে ভর্তুকীর পরিমাণ কত; ভর্তুকীর টাকা আদায়ে প্রদত্ত শর্তাবলী কী?

**৭৯৯। হাজী মোঃ সেলিম (ঢাকা-৭):** সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিগত অর্থ বছরে টোল বাবদ কোন্ কোন্ সেতু হইতে কত টাকা আদায় হইয়াছে; সেতুওয়ারী হিসাব কী? ত.প্র/ বঙ্গাব্দ

**৮০০। হাজী মোঃ সেলিম (ঢাকা-৭):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) বিশ্বের কোন্ কোন্ দেশে বাংলাদেশে উৎপাদিত কাঁচাপাট ও পাটজাত পণ্য রপ্তানী করা হয়; এবং

(খ) পাটজাত পণ্য রপ্তানী বৃদ্ধিকল্পে সরকারের গৃহীত পদক্ষেপ কী; প্রাপ্ত সফলতা কী?

**ঢাকা,**

**১৭ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ।**

**৩১ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ।**

**কে, এম, আব্দুস সালাম**
সংসদ সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।